

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২০২২ বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের
অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : মোহা: নায়েব আলী (যুগ্মসচিব), প্রধান বিস্ফোরক পরিদর্শক

তারিখ: ১৫ মার্চ, ২০২২

সময়: ১১.৩০ টা

স্থান: প্রধান বিস্ফোরক পরিদর্শক মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ফোকাল পয়েন্ট ড. মোঃ আব্দুল হান্নান, উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক (চ.দা.)-কে আলোচ্য সূচি অনুসারে আলোচনা করার জন্য আহ্বান করেন। ফোকাল পয়েন্ট সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভাকে অবহিত করেন, ২০২১-২০২২ অর্থবছরে কর্মপরিকল্পনায় অংশীজনের অংশগ্রহণে ২(দুই)টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে অনুসারে অদ্য ২য় সভা অনুষ্ঠিত হচ্ছে।

সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি হলো নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সকল সরকারি অফিসে টানানো থাকে। সিটিজেন চার্টারে সেবার নাম, সেবা প্রদান পদ্ধতি, প্রয়োজনীয় কাগজপত্র, সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (নাম, পদবি, টেলিফোন নম্বর ও ই-মেইল) প্রভৃতি বর্ণিত রয়েছে। নাগরিক কর্তৃক আবেদন দাখিলের কতদিনের মধ্যে সেবা নিষ্পন্ন করতে হবে তা এ সনদে উল্লেখ রয়েছে। সিটিজেন চার্টার অনুসারে প্রত্যেক সেবাদাতার জবাবদিহিতা রয়েছে। সেবা গ্রহণের ক্ষেত্রে ৩ দিনের জায়গায় ৫ দিন হলে সহনীয় কিন্তু বেশি দিন অনিষ্পন্ন থাকলে তা সহনীয় নয়।

২। সভাপতি আরো বলেন, বিস্ফোরক পরিদপ্তরে প্রদেয় সেবার তুলনায় জনবল অনেক কম বিধায় সেবা প্রদানের ক্ষেত্রে কিছু লিমিটেশন রয়েছে। সেক্ষেত্রে সেবাগ্রহীতাদেরও সহযোগিতাপূর্ণ মনোভাব বজায় রাখা একান্ত কাম্য। তিনি বলেন, সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সঠিক নির্দেশনা প্রাপ্তি নিশ্চিতকরণে প্রতিশ্রুত সেবাসমূহকে ৩ (তিন)টি ভাগে ভাগ করা হয়েছে (ক) নাগরিক সেবা, (খ) প্রাতিষ্ঠানিক সেবা, (গ) অভ্যন্তরীণ সেবা। এ দপ্তর হতে প্রদত্ত সেবাগুলোর মধ্যে অধিকাংশই নাগরিক সেবা। নাগরিক সেবা পেতে ভোগান্তির শিকার হলে তারা জিআরএস-এর মাধ্যমে অভিযোগ দাখিল করতে পারবেন।

৩। সভায় উপস্থিত অংশীজনদের মধ্যে জনাব মোঃ বখতিয়ার, প্রোপ্রাইটার, জেবিআর এ দপ্তরের সেবা সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করে বলেন, আমরা নির্ধারিত সময়ের মধ্যেই অনাপত্তিপত্র অনলাইনে পেয়ে যাই। তবে, আবেদন দাখিলের ক্ষেত্রে সমস্যা হয়। যেমন-রেফ্রিজারেট সিলিন্ডারের ক্ষেত্রে রোটেশন নম্বর, ডিজাইন প্রেসার থাকে না কিন্তু অনলাইনে আবেদনের ক্ষেত্রে এ সম্পর্কিত ফিল্ড রয়েছে। সভাপতি বলেন, দুতই এ সমস্যার সমাধান করা হবে। জনাব মোঃ আবুল হোসেন, প্রেসিডেন্ট, ব্রামাও সেবা গ্রহণ বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

৪। ড. মোঃ আব্দুল হান্নান, উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক (চ.দা.) বলেন, সিটিজেন চার্টার সেবা দাতা ও গ্রহীতার মধ্যে সেতু স্বরূপ। সিটিজেন চার্টার অনুসরণ করে সেবা প্রদানের সর্বোচ্চ চেষ্টা করা হয়। কিন্তু জনবল স্বল্পতার কারণে নির্ধারিত সময়ে সেবা প্রদানে ব্যত্যয় ঘটে থাকে। তিনি আরো বলেন, সিটিজেন চার্টার থেকে সহজেই সেবা প্রদান পদ্ধতি, সেবার মূল্য, নির্ধারিত সময় সম্পর্কে ধারণা লাভ করা যায়। এ দপ্তরের ওয়েবসাইটে এবং প্রাঙ্গণে সিটিজেন চার্টার প্রদর্শন করা হয়েছে। সিটিজেন চার্টার থেকে তথ্য দেখে নিলে অযথা ভোগান্তির শিকার হতে হয় না। সহজেই কাঙ্ক্ষিত সেবা গ্রহণ সম্পর্কে পূর্ব প্রতুতি গ্রহণ করা যায়। এতে যাতায়াতের ভোগান্তি, সময় ও খরচ বেঁচে যায়।

৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহা: নায়েব আলী)

যুগ্মসচিব

প্রধান বিস্ফোরক পরিদর্শক

টেলিফোন: ২২২২২৫২৫৮

e-mail: Dhaka@explosives.gov.bd